# যারা পাখির মতো মানুষ হত্যা করেছে, তাদের ছাড় নয়: চীফ প্রসিকিউটর



চীফ প্রসিকিউটর: সংগৃহীত ছবি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. তাজুল ইসলাম বলেছেন, "জুলাই মাসকে যারা ভুলিয়ে দিতে চায়, তারা ইতিহাসে নব্য মিরজাফর হিসেবে চিহ্নিত হবে।"
আজ সোমবার (৭ জুলাই) রাজধানীর গেন্ডারিয়ায় জুলাই অভ্যুত্থানে শহীদ মেহেদি হাসান জুনায়েদের নামে সড়কের ফলক উন্মোচন অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।
তাজুল ইসলাম বলেন, "জুলাইয়ের স্বপ্ন কোনোদিন ব্যর্থ হতে দেওয়া যাবে না। এমন সুযোগ শতাব্দীতে একবারই আসে। শহীদরা জীবন না দিলে এই অন্ধকার সময় কাটতে এক শতাব্দী লেগে যেত। তারা আমাদের জাতির সর্বোত্তম সম্পদ।"
তিনি আরও জানান, ২০২৪ সালের ৫ আগস্ট চানখারপুলে ৬ জনকে হত্যা করার ঘটনায় দায়ের করা মামলার চার্জ গঠন করা হবে আগামী ১৪ জুলাই। এরপর ওই মামলার সাক্ষ্যগ্রহণ শুরু হবে ৫ আগস্ট থেকে।
চিফ প্রসিকিউটর বলেন, "যারা পাখির মতো মানুষ হত্যা করেছে, তাদের প্রত্যেককে বিচারের মুখোমুখি করা হবে এবং দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হবে।"

LENS ASIA